বাংলাদেশ চা বোর্ড প্রদত্ত চা লাইসেন্স প্রাপ্তির ক্ষেত্রে দিক-নির্দেশনা ও পরামর্শ

বাংলাদেশ চা বোর্ড থেকে চা ব্যবসায়ের জন্য লাইসেন্স গ্রহণের বাধ্যবাধকতা রয়েছে। 'ডিজিটাল প্রযুক্তি কাজে লাগিয়ে ক্ষুধা ও দারিদ্র্যমুক্ত "ডিজিটাল বাংলাদেশ" প্রতিষ্ঠা করার জন্য সরকার অঙ্গীকারাবদ্ধ। আমরা সে লক্ষ্যে এগিয়ে যাচ্ছি। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের এ যুগোপযুগী সিদ্ধান্ত বাস্তবায়নের অংশ হিসেবে বাংলাদেশ চা বোর্ড তার লাইসেন্স প্রদান কার্যক্রম পুরানো ম্যানুয়েল সিস্টেম'কে বিদায় জানিয়ে সম্পূর্ণ অনলাইনে চালু করেছে। চা বোর্ডের "অনলাইন টি লাইসেন্সিং সিস্টেম" এর সেবা গ্রহণের মাধ্যমে এখন ঘরে বসে অনলাইনে আবেদন করে চা ব্যবসায়ের কাঙ্খিত লাইসেন্স পাওয়া যায়।

চা ব্যবসায়ে জন্য পর্যায়ক্রমে ৩টি লাইসেন্স (পর্যায়ক্রমে প্রথমে খুচরা-পাইকারী, তারপর বিডার এবং পরবর্তীতে ব্লেন্ডার লাইসেন্স) গ্রহণ করতে হবে। এছাড়া নিলামে চা বিক্রয়ের জন্য কেউ ব্রোকার হাউজ প্রতিষ্ঠা করতে চাইলে তাকে ব্রোকার লাইসেন্স গ্রহন করতে হবে।

কেন খুচরা-পাইকারী লাইসেন্স প্রয়োজন?

সাধারণত হাট-বাজার/ শপিং মল/ দোকানপাট/ অনলাইনে খুচরা ভিত্তিতে চা বিক্রয়ের জন্য খুচরা-পাইকারী চা লাইসেন্স গ্রহণ করতে হয়। খুচরা-পাইকারী লাইসেন্স দিয়ে প্যাকেট করে চা বিক্রয় করা যাবে না। এক্ষেত্রে নিজস্ব প্রতিষ্ঠানের/ ব্র্যান্ড নাম বা প্রতিষ্ঠানের পরিচিতি বহন করে এমন কিছু প্যাকেটের গায়ে ব্যবহার করা যাবে না। সাধারণত মুদি দোকানে খুচরা চা বিক্রয় করতে অথবা চা বোর্ড এর ব্লেন্ডিং লাইসেন্স প্রাপ্ত প্রতিষ্ঠানের (যেমন: আবুল খায়ের, ইস্পাহানি, ফিনলে ইত্যাদি কোম্পানির) চা কমিশনে বিক্রয়ের ক্ষেত্রে খুচরা- পাইকারী লাইসেন্স গ্রহণ করতে হবে। উল্লেখ্য যে, শুধুমাত্র ট্রেড লাইসেন্স অথবা খুচরা-পাইকারী ও বিএসটিআই লাইসেন্স গ্রহণ করে নিজস্ব পরিচিতি / ব্র্যান্ড নাম ব্যবহার করে চা প্যাকেটজাত করে বাজারজাত/বিপণন করা যাবে না। নিজস্ব ব্র্যান্ডে চা বাজারজাত করতে হলে ব্লেন্ডিং লাইসেন্স পর্যন্ত (প্রথমে খুচরা-পাইকারী, তারপর বিডার এবং পরবর্তীতে ব্লেন্ডার লাইসেন্স) গ্রহণ করতে হবে।

কেন বিডার লাইসেন্স প্রয়োজন?

খুচরা-পাইকারী লাইসেন্স প্রাপ্তির পর নিলাম হতে চা ক্রয়ের জন্য চা বোর্ড হতে বিডার লাইসেন্স গ্রহণ করতে হবে এবং চা ব্যবসায়ী সমিতি Tea Traders Association of Bangladesh (TTAB) এর মেম্বার হতে হবে। TTAB থেকে সাধারণত ২ ধরনের সদস্যপদ প্রদান করা হয়। (১) Assiociate Member (ফিঃ ১০৩,৫০০ টাকা) এবং (২) Ordinary Member (ফিঃ ২১০,৫০০ টাকা)। TTAB এর সদস্যপদ ছাড়া নিলাম থেকে সরাসরি চা ক্রয় করা যায় না। TTAB এর সদস্যপদ অর্জনের জন্য যোগাযোগের ঠিকানা: Progressive Tower (3rd Floor), 1837 Sheikh Mujib Road, Badamtoly, Agrabad, Chattogram, আলাপনী: +88031712452, ইমেইল: ttabctg@gmail.com, ওয়েবসাইট: info@ttabctg.com

কেন ব্লেন্ডার লাইসেন্স প্রয়োজন?

নিজস্ব পরিচিতি / ব্র্যান্ড নাম ব্যবহার করে চা প্যাকেটজাত করে বাজারজাত/বিপণন করতে চাইলে চা বোর্ড থেকে ব্লেন্ডার লাইসেন্স গ্রহণ করতে হবে। চা একটি ভোগ্য পণ্য বিধায় মোড়কজাত ব্যতীত বাজারজাতকরণে আইনত: নিষেধাজ্ঞা রয়েছে এবং চা আইন-২০১৬ অনুযায়ী চা ব্যবসার ক্ষেত্রে বাংলাদেশ চা বোর্ড থেকে লাইসেন্স গ্রহণের বাধ্যবাধকতা রয়েছে। অর্থাৎ চা ব্লেন্ডিং লাইসেন্স ব্যতিরেকে চা প্যাকেটজাতকরণ ও বিপণন আইনত দন্ডনীয় অপরাধ। চা আইনের এই অপরাধের জন্য সর্বোচ্চ ২ বছর কারাদন্ড অথবা ৫ লক্ষ টাকা অর্থদন্ড অথবা উভয় দন্ডের বিধান রয়েছে।

অনলাইনে আবেদনের পদ্ধতি:

- অনলাইনে আবেদন করতে সরাসরি tealicense.com.bd লিংকে প্রবেশ করতে হবে। অথবা বাংলাদেশ চা বোর্ড এর ওয়েবসাইটে (www.teaboard.gov.bd) প্রবেশ করে অভ্যন্তরীণ ই-সেবাসমূহ কলামের "অনলাইন চা লাইসেন্স আবেদন" অপশনে প্রবেশ করতে হবে।

- লাইসেন্স এর ধরণ নির্বাচন করতে হবে (খুচরা-পাইকারী/বিডার/ব্লেন্ডার/ব্রোকার)

- নতুন আবেদন/ নতুন নিবন্ধনের ক্ষেত্রে আবেদনের ধরণ 'নতুন নিবন্ধন' সিলেক্ট করতে হবে।

- চা বোর্ড থেকে ইতো:পূর্বে বই আকারে লাইসেন্স গ্রহণ করে থাকলে অনলাইনে লাইসেন্স পেতে 'পুরাতন নিবন্ধন' সিলেক্ট করতে হবে। এক্ষেত্রে পুরাতন লাইসেন্স বইয়ের প্রথম থেকে সর্বশেষ নবায়ন সাল পর্যন্ত সকল পৃষ্ঠা pdf Combined format-এ 'পুরাতন লাইসেন্স' ফোল্ডারে সংযুক্ত করতে হবে। গুগল থকে jpg2pdf.com থেকে pdf Combined করা যায়।

- ট্রেড লাইসেন্স অনুযায়ী সকল তথ্য উল্লেখ করে আবেদন করতে হবে।

- অনলাইনে লাইসেন্স প্রাপ্ত হলে প্রতি বছর লাইসেন্স নবায়ন করতে মোবাইলে প্রাপ্ত User id ও Password দিয়ে Log in করে "নবায়ন কলাম" সিলেক্ট করতে হবে এবং নবায়ন ফি পরিশোধের তথ্য উল্লেখ করে আবেদন প্রেরণ করতে হবে। প্রতিবছর চা বোর্ড কর্তৃক লাইসেন্স নবায়নকৃত হলে মুঠোফোনে নতুন করে কোন ম্যাসেজ যাবে না। গ্রাহককে তার পুরানো User id ও Password দিয়ে Log in করে নবায়নকৃত নতুন লাইসেন্স Download করে নিতে হবে।

- প্রতি বছর লাইসেন্স নবায়নের জন্য User id ও Password সংরক্ষণ করা বাধ্যতামূলক। User id ও Password হারিয়ে গেলে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক চা বোর্ডে লিখিত আবেদন করতে হবে।

- আবেদন বাংলায় করা বাধ্যতামূলক। শুধুমাত্র মোবাইল নাম্বার এবং ই-মেইল ইংরেজিতে উল্লেখ করতে হবে।

অপেক্ষা করুন:

- অনলাইনে যথাযথভাবে আবেদন সম্পন্ন হলে চা বোর্ডের চূড়ান্ত অনুমোদনের জন্য অপেক্ষা করতে হবে।

- চা বোর্ড কর্তৃপক্ষ কর্তৃক লাইসেন্সটি চূড়ান্তভাবে অনুমোদিত হলে আবেদনে উল্লেখিত মোবাইল নম্বরে স্বয়ংক্রিয়ভাবে User id ও Password সহ একটি মেসেজ পাঠানো হবে। উক্ত ম্যাসেজ পাওয়ার পর পুনরায় tealicense.com.bd তে প্রবেশ করে প্রাপ্ত User id ও Password ব্যবহার করে লাইসেন্স ডাউনলোড করতে হবে।

<u>লাইসেন্স ফি/ নবায়ন ফি/ জরিমানা সংক্রান্ত তথ্য:</u>

চা ব্যবসায়ের ধরণ	লাইসেন্স রেজিস্ট্রেশন ফি	লাইসেন্স নবায়ন ফি	নবায়ন করা না হলে প্রতি বছরের জন্য বিলম্ব ফি / জরিমানা	প্রতি বছর ৩০ জুনের মধ্যে লাইসেন্স নবায়ন করতে হবে। উক্ত সময়ের পর বিলম্ব ফি প্রযোজ্য হবে।
খুচরা-পাইকারী	২,৫০০/- টাকা	১,০০০/- টাকা	২৫০/- টাকা	
বিডার	১০,০০০/- টাকা	৫,০০০/- টাকা	৫০০/- টাকা	
ব্লেন্ডার	২০,০০০/- টাকা	১০,০০০/- টাকা	১,০০০/- টাকা	
ব্রোকার	২৫,০০০/- টাকা	১২,৫০০/- টাকা	২,৫০০/- টাকা	

**পরপর ৩ বছর লাইসেন্স নবায়ন না করলে লাইসেন্স স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে।

<u>লাইসেন্স ফি পরিশোধের মাধ্যমসমূহ:</u>

১। **<u>বাংলাদেশ কৃষি ব্যাংক</u>** হিসাবের নামঃ বাংলাদেশ চা বোর্ড হিসাব নম্বরঃ ২৯০৫-০৩২০০০০২৯১ (এসটিডি-২৯) চা বোর্ড শাখা, চট্টগ্রাম।	২। **<u>বিক্যাশ (ম্যানুয়াল)</u>** *247# - Payment— 01847165888 - License Fee— Reference (প্রতিষ্ঠানের নাম) - Counter no (1) - Pin - send (এ্যাপস থেকে পেমেন্ট গেটওয়ের মাধ্যমে ফি পরিশোধ করা যাবে।) (বি:দ্র: উল্লেখিত 01847165888 নম্বরটি মার্চেন্ট নম্বর)	৩। **<u>রকেট (ম্যানুয়াল)</u>** *322# - Bill Pay-self (আপনার রকেট একাউন্ট থেকে পরিশোধ করতে)- other - Biller id (2442) - Bill no (2442) - License Fee- Pin – send. (বি:দ্র: Reference চাইলে প্রতিষ্ঠানের নাম উল্লেখ করবেন। উল্লেখিত 01847165888 নম্বরটি মার্চেন্ট নম্বর)	**<u>বিঃদ্রঃ</u>** এছাড়াও ডেবিট/ক্রেডিট কার্ড ব্যবহার করে ফি পরিশোধ করা যায়। ব্যাংকে ফি পরিশোধ করলে টাকা জমার চালান/ স্লিপ এর ছবি স্ক্যান করে আপলোড করতে হবে। মোবাইল ব্যাংকিং (বিক্যাশ, রকেট ইত্যাদি) এর মাধ্যমে ফি পরিশোধ করলে ট্রানজেকশন আইডি, তারিখ, যে নম্বর থেকে টাকা প্রেরণ করা হয়েছে বিস্তারিত উল্লেখ করতে হবে। এক্ষেত্রে মনে রাখতে হবে কোনো মোবাইল নম্বর ট্রানজেকশন আইডি নয়।
**** সার্ভার ত্রুটি / অন্য কোন কারণে আবেদন অসম্পূর্ণ হলে পুনরায় আবেদন করতে পেমেন্ট তথ্য অবশ্যই সংরক্ষণে রাখবে হবে।**			

<u>আবেদন করতে যে সকল ডকুমেন্ট প্রয়োজন:</u>

খুচরা-পাইকারী লাইসেন্স	**বিডার লাইসেন্স**	**ব্লেন্ডার লাইসেন্স**
১) ট্রেড লাইসেন্স	১) ট্রেড লাইসেন্স ২) আয়কর সনদ ৩) ভ্যাট সনদ ৪) ব্যাংক কর্তৃক আর্থিক সচ্ছলতার সনদ	১) ট্রেড লাইসেন্স ২) আয়কর সনদ ৩) ভ্যাট সনদ ৪) ব্যাংক কর্তৃক আর্থিক সচ্ছলতার সনদ ৫) বিএসটিআই সনদ ৬) টি টেস্টার এর বায়োডাটা (একজন টি টেস্টার নিয়োগ করতে হবে) ৭) প্রস্তাবিত চা'য়ের প্যাকেটের ছবি ৮) চা কারখানা/গুদামের ছবি

** ব্যক্তিমালিকানাধীন প্রতিষ্ঠানের ক্ষেত্রে স্বত্বাধিকারী; অংশীদারি কারবারের ক্ষেত্রে সকল অংশীদার এবং কোম্পানি/ লিমিটেড কোম্পানী/ কর্পোরেশনের ক্ষেত্রে প্রধান নির্বাহী কর্মকর্তা/চেয়ারম্যান/ ব্যবস্থাপনা পরিচালক আবেদনকারী হিসেবে তথ্য প্রদান করবেন।

** অনলাইনে আবেদন করতে আবেদনকারীর জাতীয় পরিচয়পত্রের কপি, ছবি, স্বাক্ষর, সক্রিয় মোবাইল নম্বর ও ই-মেইল প্রয়োজন হবে। অংশীদারি প্রতিষ্ঠানের ক্ষেত্রে সকল অংশীদারের ছবি ও স্বাক্ষর একত্রে সংশ্লিষ্ট ফোল্ডারে আপলোড করতে হবে।

** অংশীদারি প্রতিষ্ঠানের ক্ষেত্রে ট্রেড লাইসেন্স এর পাশাপাশি "অংশীদারি চুক্তিপত্র" (২,০০০/- টাকার স্ট্যাম্পে নোটারীকৃত) এবং Registrar of Joint stock Companies & Firms (RJSC) থেকে Certificate of Restration of Firms সংশ্লিষ্ট ফোল্ডারে আপলোড করতে হবে। এক্ষেত্রে সকল পৃষ্ঠা pdf Combined format-এ সংযুক্ত করে সংশ্লিষ্ট ফোল্ডারে আপলোড করতে হবে।

** কোম্পানি/ কর্পোরেশন/লিমিটেড কোম্পানী এর ক্ষেত্রে Memorandum (ফরম-১২ সহ) এবং Registrar of Joint stock Companies & Firms (RJSC) থেকে Certificate of Incorporation সংশ্লিষ্ট ফোল্ডারে আপলোড করতে হবে। সকল পৃষ্ঠা pdf Combined format-এ সংযুক্ত করে সংশ্লিষ্ট ফোল্ডারে আপলোড করতে হবে।

<u>কিছু বিষয় লক্ষণীয়:</u>

- আবেদনকারী প্রতিষ্ঠানের জন্য চা ব্যবসায়ের অনুকূলে ট্রেড লাইসেন্স বাধ্যতামূলক। ইতোপূর্বে চা বোর্ডে নিবন্ধিত একই প্রতিষ্ঠানের নামে পুনরায় অন্য লাইসেন্স গ্রহণের সুযোগ নাই। এছাড়াও ট্রেড লাইসেন্সে **ব্যবসায়ের ধরণ** চা ব্যবসায়ের অনুকূলে হতে হবে (যেমন: চা ব্যবসা/ চা খুচরা ও পাইকারী/ কৃষিপণ্য উৎপাদন ও বিপণন/ ভোগ্যপণ্য উৎপাদন ও সরবরাহকারী/ সরবরাহকারী/ পরিবেশক/ পণ্য পরিবেশক/ প্যাকেজিং ইত্যাদি)।

- অংশীদারি কারবারের ক্ষেত্রে সকল অংশীদারদের নাম, ছবি ও স্বাক্ষর একত্রে সংযুক্ত করে আবেদন করতে হবে (ট্রেড লাইসেন্স এবং চুক্তিপত্র অনুযায়ী)। কোম্পানী/ লিমিটেড কোম্পানী/ কর্পোরেশন এর ক্ষেত্রে প্রধান নির্বাহী কর্মকর্তা/চেয়ারম্যান/ ব্যবস্থাপনা পরিচালক আবেদন করবেন। ইতোমধ্যে নিবন্ধিত কোম্পানী/ লিমিটেড কোম্পানী/ কর্পোরেশন এর প্রধান নির্বাহী কর্মকর্তা/চেয়ারম্যান/ ব্যবস্থাপনা পরিচালক (যার নামে প্রতিষ্ঠানের লাইসেন্স নিবন্ধিত) পরিবর্তন হলে কোম্পানীর Board of Director এর Resulation ও Memorandum Form- 12, ট্রেড লাইসেন্স ও সংশ্লিষ্ট সকল ডকুমেন্টস দাখিল করে চা বোর্ডে আবেদন করতে হবে।

- ইতোপূর্বে নিবন্ধিত ব্যবসা প্রতিষ্ঠানের নাম পরিবর্তনের কোনো সুযোগ নাই। চা বোর্ডের অনুমতি ব্যাতিত মালিকানা হস্তান্তর করা যাইবে না। প্রতিষ্ঠানের মালিকানা হস্থান্তর করতে চাইলে পুরাতন মালিকের ওয়ারিশ সনদ এবং পরিবারের অন্যান্য সদস্যদের অনাপত্তি প্রদান করত: ১ম শ্রেণীর নির্বাহী ম্যাজিস্ট্রেট কর্তৃক মালিকানা হস্তান্তরের এফিডেভিট কপিসহ (৩০০ টাকার স্ট্যাম্পে) আবেদন করতে হবে। এছাড়া সত্ত্বাধিকারীর মৃত্যুবরণ জনিত কারণে মালিকানা হস্থান্তর করতে চাইলে প্রয়াত ব্যক্তির স্বামী/ স্ত্রী; স্বামী/ স্ত্রী দু'জনই মারা গেলে পরিবারের জৈষ্ঠ্য সন্তান'কে পৃথকভাবে আবেদন করতে হবে। আবেদনের সাথে মৃত্যু সনদ, ওয়ারিশ সনদ এবং পরিবারের অন্যান্য সদস্যদের অনাপত্তি প্রদান করত: ১ম শ্রেণীর নির্বাহী ম্যাজিস্ট্রেট কর্তৃক নতুন মালিকের নামে মালিকানা হস্তান্তরের এফিডেভিট কপি এবং লাইসেন্স সংশ্লিষ্ট সকল হালনাগাদকৃত ডকুমেন্টসহ আবেদন করতে হবে।

- বাংলাদেশ চা বোর্ড কর্তৃক অনুমোদিত চা ব্যবসায়ী (চা পাইকার, বিডার, ব্লেন্ডার) ব্যাতিত অন্য কোথাও হতে চা ক্রয় করা যাবে না।

- চা পাতার সাথে কোন ধরনের ক্ষতিকারক রঙ বা পদার্থ মেশানো যাবে না।

- কোন দেশ বা এমন স্থানের নামে চা এর লাইসেন্স প্রদান করা হবে না যাতে চায়ের অরিজিন সম্পর্কে জনমনে বিভ্রান্তি সৃষ্টি হয়।

- লাইসেন্স এর কোন শর্ত ভঙ্গ করলে বাংলাদেশ চা বোর্ড যে কোন মুহূর্তে লাইসেন্স বাতিল করার ক্ষমতা সংরক্ষন করে।

ধন্যবাদান্তে-

মোহাম্মদ আব্দুল্লাহ আল বোরহান
সহকারী পরিচালক (বাণিজ্য)
বাংলাদেশ চা বোর্ড
প্রধান কার্যালয়
১৭১-১৭২, বায়েজিদ বোস্তামি রোড
নাসিরাবাদ, চট্টগ্রাম।
ইমেইল: aab.btb89@gmail.com